

চুক্তিবদ্ধ শ্রমিক দল (এলসিএস) গঠন ও এর কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত কিছু দিক নির্দেশনা (This note addresses 2018 ARM Aide Memoire Section 3.5)

১. এলসিএস এর মাধ্যমে মাটি কাটার জন্য নির্বাহী প্রকৌশলী এবং পানি ব্যবস্থাপনা দলের মধ্যে চুক্তি সম্পাদনের পূর্বে নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রকল্পের পরামর্শক দল, পানি ব্যবস্থাপনা দল ও পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনের সাথে যৌথ আলোচনার মাধ্যমে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনায় নিয়ে কাজের আয়োজন করবেনঃ (১)এলসিএস এর জন্য কম বুকিপূর্ণ কাজ ও সুবিধাজনক স্থান নির্বাচন, (২) মাটি ও শ্রমিকের প্রাপ্ততাকে অগ্রাধিকার প্রদান, (৩) মার্চ মাসের পূর্বে এবং বাপাউবো এর সংশ্লিষ্ট পওর বা পানি উন্নয়ন বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা কাজের প্রি-ওয়াক এবং কাটিং/ফিলিং চার্ট অনুযায়ী WMG/LCS কে কাজ বুঝিয়ে দেয়া, এবং (৪) WMG/LCS এর উপস্থিতিতে বাপাউবো এর সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তা ও পরামর্শক দলের সদস্যবৃন্দ কর্তৃক যৌথ পোষ্ট ওয়ার্ক মেজারম্যান্ট নেয়া।
২. পানি ব্যবস্থাপনা দল কর্তৃক আয়োজিত এলসিএস সদস্য নির্বাচন ও গঠন সংক্রান্ত সভায় আলোচনার বিষয় সমূহ- (১)এলসিএস গঠনের উদ্দেশ্য, (২) এলসিএস সদস্যদের যোগ্যতা, (৩) এলসিএস সদস্যদের দায়িত্ব ও কর্তব্য, (৪) LCS কার্যক্রম সম্পাদনে পানি ব্যবস্থাপনা দল, পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন, স্থানীয় ইউনিয়ন পরিষদ, প্রকল্পের পরামর্শক দল ও বাপাউবো এর দায়িত্ব/কর্তব্য এবং (৫) বিল পরিশোধ পদ্ধতি ইত্যাদি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা।
৩. উক্ত সভায় পানি ব্যবস্থাপনা দল কর্তৃক মনোনীত/নির্বাচিত এলসিএস সদস্যদের দ্বারা মাটির কাজ সম্পাদনে বাধ্যবাধকতা সম্পর্কে পানি ব্যবস্থাপনা দল ও এলসিএস নেতৃত্বদণ্ডকে অবহিত করা। তালিকা বর্হিত্ব সদস্যদের দ্বারা এবং মেশিন ব্যবহারের মাধ্যমে এলসিএস কাজ সম্পাদন না করার বিষয়ে সতর্ক করা।
৪. উক্ত এলসিএস সভায় উপস্থিত সকলকে অবহিত করা যে, WMG/LCS এর জন্য বরাদ্দকৃত মাটি কাজ LCS এর ফ্রেম ওয়ার্ক বা বিধিমালার বাহিরে কোন প্রকার সাব-কন্ট্রাকটিং বা অন্য কোন উপায়ে বাস্তবায়ন গ্রহণযোগ্য নয়।
৫. এলসিএস গঠন সভায় উপস্থিত থেকে এলসিএস এর ৬(ছয়) সদস্য বিশিষ্ট নির্বাহী কমিটি গঠনে সহযোগিতা প্রদান এবং নির্বাহী কমিটির দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সুপ্রস্ত ধারণা প্রদান।
৬. এলসিএস এর নামে ব্যাংক হিসাব খোলার বিষয়ে সহযোগিতা প্রদান। এলসিএস গঠন সভার সিদ্ধান্ত মোতাবেক সভাপতি, সম্পাদক এবং এক জন নির্বাহী সদস্য- এই তিনি জনের যে কোন দুঁজনের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।
৭. নির্বাহী প্রকৌশলী ও পানি ব্যবস্থাপনা দলের মধ্যে যথাসময়ে এলসিএস সংক্রান্ত চুক্তি সম্পাদনে সহায়তা প্রদান।
৮. পানি ব্যবস্থাপনা দল ও এলসিএস এর মধ্যে এলসিএস সংক্রান্ত চুক্তি সম্পাদনে সহায়তা প্রদান।
৯. পানি ব্যবস্থাপনা দল ও এলসিএস সদস্যদেরকে মাটির কাজের পরিমাপ ও বিলের টাকা প্রাপ্তি এবং এলসিএস সদস্যদের মাঝে বিতরণের বিষয়/নিয়মাবলি যথাযথ ভাবে বুঝিয়ে বলা। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, কার্যাদেশ বা বিস্তারিত কার্যাদেশে উল্লিখিত কাজের প্রাকলিত পরিমাণ/মূল্য চূড়ান্ত নয়, এটা অবশ্যই বাস্তব সম্পাদিত কাজের পরিমাপ/পরিমানের ভিত্তিতে চূড়ান্ত করা হয় এবং বাপাউবো'র টাঙ্ক ফোর্সের বিধিবিধান চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়াও বিল থেকে বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ও নিরাপত্তা জামানত ইত্যাদি কর্তৃত করা হবে।
১০. নির্বাহী প্রকৌশলীর দণ্ডের থেকে কার্যাদেশ প্রদানের পর পরই পানি ব্যবস্থাপনা দল এবং এলসিএসকে কাজ শুরু করার জন্য অনুপ্রাণিত করা এবং কাজের কাটিং চার্ট, ফিলিং চার্ট অনুযায়ী WMG/LCS কে কাজ বুঝিয়ে দেয়ার বিষয়ে নির্বাহী প্রকৌশলীর দণ্ডের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সহায়তা প্রদান।
১১. এলসিএস কর্তৃক মাটির কাজ চলাকালীন সংশ্লিষ্ট পওর বিভাগ বা পানি উন্নয়ন বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা ও পরামর্শক দলের সদস্যবৃন্দ কর্তৃক প্রদত্ত সরেজমিনে যৌথ প্রশিক্ষণকালে কাজের সাইনবোর্ড, নকসা, টেকনিক্যাল স্পেসিফিকেশন, প্রোফাইল অনুসরণ, কাজ সম্পাদনের পদ্ধতি এবং সম্পাদিত কাজের বিল পরিশোধ সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান।
১২. পানি ব্যবস্থাপনা দল ও এলসিএস নেতৃত্ববৃন্দের উপস্থিতিতে সংশ্লিষ্ট পওর বিভাগ বা পানি উন্নয়ন বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের তত্ত্বাবধানে এলসিএস কাজের প্রি-ওয়ার্ক, মডেল সেকশন তৈরী এবং পোষ্ট ওয়ার্ক মেজারম্যান্ট নেয়ার ক্ষেত্রে সহায়তা প্রদান।
১৩. প্রতিবার ব্যাংক হতে এলসিএস এর টাকা উত্তোলনের সিদ্ধান্ত সম্বলিত সভায় সংশ্লিষ্ট সিডিএফ এর স্বাক্ষরসহ উপস্থিতি বাধ্যতামূলক এবং রেজুলেশনে পোল্ডার কো-অর্ডিনেটর এর সুপারিশ থাকা বাধ্যতামূলক।
১৪. এলসিএস এর টাকা উত্তোলনের সিদ্ধান্ত গ্রহণ এবং এলসিএস সদস্যদের মধ্যে টাকা বিতরণের সময় সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা দলের সভাপতি/সাধারণ সম্পদক/কোষাধ্যক্ষ এবং পোল্ডার কো-অর্ডিনেটর/কো-কোঅর্ডিনেটর এর উপস্থিতি বাধ্যতামূলক করে এলসিএস গঠন সভায় সিদ্ধান্ত গ্রহণে পরামর্শ প্রদান।
১৫. এলসিএস এর তালিকাভুক্ত সদস্যগণ কর্তৃক কাজ শুরু করার পর রেজুলেশনের ভিত্তিতে প্রথম কিন্তির টাকা প্রস্তুতিমূলক অঙ্গীম হিসাবে উত্তোলন করা যাবে। দ্বিতীয় কিন্তি ও চূড়ান্ত কিন্তির টাকা প্রস্তুতিমূলক অঙ্গীম হিসাবে মাষ্টার রোল ও হাজিরা খাতা (পানি ব্যবস্থাপনা দলের সভাপতি অথবা সাধারণ সম্পদক এবং পোল্ডার কো-অর্ডিনেটর কর্তৃক সত্যায়িত কপি) নির্বাহী প্রকৌশলীর দণ্ডের এবং পরামর্শক দলের দণ্ডের দাখিল করতে হবে।
১৬. পানি ব্যবস্থাপনা দল এবং/বা এলসিএস মাটি কাটার কাজে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন না করলে এবং “**outside labour and excavator**” ব্যবহার করলে উক্ত কাজের বিল পরিশোধে কোন জিলিতা দেখা দিলে তার দায়ভার পানি ব্যবস্থাপনা দলের উপর বর্তাবে।